

ইউল্যাভে প্রফেসর নজরুল ইসলাম বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর গবেষণা উদ্যোগ স্বাগত জানায় ইউজিসি

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম বলেছেন, বাংলাদেশে সমাজবিজ্ঞানের ওপর আরো ব্যাপক গবেষণা দরকার এবং বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর এ ধরনের উদ্যোগকে ইউজিসি স্বাগত জানায়। গতকাল ইউনিভার্সিটি অফ লিবারেল আর্টস বাংলাদেশের (ইউল্যাভ) ধানমন্ডি ক্যাম্পাসে তিন সপ্তাব্যাপী 'রিসার্চ অ্যান্ড মেথডস ওয়ার্কশপের সমাপ্তি এবং রিসার্চ আন্ড' স্মার্ক সেমিনারে প্রধান অতিথির ভাষণে তিনি এ কথা বলেন। সেমিনারে বিশেষ অতিথি ছিলেন প্রথম আলো সম্পাদক মতিউর রহমান।

ইউল্যাভ বিজনেস স্কুলের ডিরেক্টর প্রফেসর ইনরান রহমানের সভাপতিত্বে এ সেমিনারে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ইউল্যাভ ডিসি অধ্যাপক রফিকুল ইসলাম এবং রিসার্চ মেথডস ওয়ার্কশপ কো-অর্ডিনেটর অধ্যাপক ড. সাদ আনদালীব।

ইউজিসি চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম বলেন, ইউল্যাভের অধিকাংশই খুব সুন্দর, আমি ইউল্যাভের প্রতিবেশী এবং প্রতিদিন এ বিশ্ববিদ্যালয়ের সামনে দিয়ে যাই। তিনি বলেন, রিসার্চ আন্ড নামটা তার খুব পছন্দ হয়েছে। কারণ '৭৩-৭৪ সালের

দিকে এ ধরনের আন্ড থেকেই সব বড় বড় গবেষণার ধারণা এসেছে। তখন আমরা জাতীয়। অধ্যাপক প্রফেসর নজরুল ইসলামের বাসায় আন্ড দিতাম। ইউজিসি 'সম্প্রতি' রিসার্চ বিষয়ে বিভিন্ন প্রশিক্ষণের আয়োজন করেছে বলে জানান তিনি। প্রফেসর নজরুল বলেন, আমরা এ ধরনের গবেষণা প্রশিক্ষণকে স্বাগত জানাই। তবে তা অবশ্যই প্রাতিষ্ঠানিক হতে হবে।

বিশেষ অতিথির বক্তৃতায় প্রথম আলো সম্পাদক মতিউর রহমান বলেন, বাংলাদেশ এখন খুব খারাপ সময়ের মধ্য দিয়ে যাচ্ছে। আমরা এখন শুধু পত্রিকার কলাম এবং টক শোর মধ্যে ঘুরপাক বাচ্ছি। এ সবটুকু থেকে উত্তরণে আমাদের নতুন নতুন গবেষণায় হাত দিতে হবে। তিনি বলেন, অর্থিক ও গবেষণার বিশ্ববিদ্যালয়ের প্রাপ।

অনুষ্ঠানের সমাপনী ভাষণে ইউল্যাভ ডিসি প্রফেসর রফিকুল ইসলাম সবাইকে ধন্যবাদ জানিয়ে বলেন, ভবিষ্যতে এ ধরনের আরো ওয়ার্কশপের আয়োজন করবে ইউল্যাভ। এ সময় অন্যদের মধ্যে ড. কাজী আনিস আহমেদ, ডিরেক্টর, একাডেমিক অ্যাফেয়ার্স, ইউল্যাভ, সিনিয়র চ্যাকালিট মেম্বর এবং একাধিক প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ডিসি ও প্রোভিসি উপস্থিত ছিলেন।